অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকলের 2021-2023 সালের ফেলোদের নাম ঘোষণা

গভর্নর ক্যাথি হোকল আজ 2021-2023 সালের জন্য ফেলোদের নাম ঘোষণা করেছেন।

"নিউ ইয়র্কের ফেলোগণ বৈচিত্র্যপূর্ণ পটভূমি ও অভিজ্ঞতা নিয়ে আসার মাধ্যমে সরকারের অভ্যন্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন - এই গ্রুপটিও এর ব্যতিক্রম নয় এবং নিঃসন্দেহে তারা আমাদের স্টেটকে সামনে এগিয়ে নেয়ার জন্য তাদের প্রবল আগ্রহের মাধ্যমে আমাদের স্টেটে তাদের কর্মের চিহ্ন রেখে যাবেন" **বলেছেন গভর্নর হোকল।** "এম্পায়ার স্টেট ফেলোস প্রোগ্রাম (Empire State Fellows Program) পাবলিক সার্ভিসের ক্যারিয়ারের জন্য পরবর্তী প্রজন্মের মেধাবী নেতৃবৃন্দকে প্রস্তুত করে তোলে, এবং সরকারের কার্যক্রম চালিয়ে যাওয়া এবং নিউ ইয়র্কবাসীদের জন্য ফলাফল পৌঁছে দেয়া অব্যাহত রাখতে আমি 2021-2023 সালের ক্লাসের সাথে কাজ করার প্রত্যাশা রাখি।"

শ্যাকুয়ান হান্ট ক্যারি গাবে ফেলো হিসেবে নির্বাচিত হয়েছেন। ক্যারি গাবে ফেলোশিপ (Carey Gabay Fellowship) হলো গভর্নরের কার্যালয়ের একজন সাবেক সহকারী কাউন্সেল, ক্যারি গাবে-এর সম্মানে তৈরি করা একটি পূর্ণকালীন আইনি ফেলোশিপ প্রোগ্রাম, যিনি 2015 সালে আগ্নেয়াস্ত্র সংক্রান্ত সহিংসতার ঘটনায় নিহত হয়েছিলেন। মি. হান্ট সহিংসতা প্রতিরোধ, অর্থনৈতিক সমতা, ও কমিউনিটি উন্নয়ন, ইত্যাদি বিষয় নিয়ে - যেসব নীতিমালা সংক্রান্ত বিষয়ে গাবে তার ক্যারিয়ার জীবনে সমর্থন দিয়ে গেছেন - সরাসরি গভর্নরের কাউন্সেল ও তাদের কর্মীদের সাথে কাজ করবেন। গাবে-এর মতোই, মি. হান্ট, জনসেবার প্রতি নিবেদিত এবং যে সততা ও দয়ালু মনোভাব গাবে-কে ব্যক্তিগতভাবে স্বতন্ত্র করে তুলেছিল তা অন্তরে ধারণ করেন। কলেজ থেকে গ্র্যাজুয়েশনের পর, মি. হান্ট হার্লেমে একজন AmeriCorps VISTA হিসেবে কাজ করেছেন, যেটি ছিল এমন একটি সুযোগ যা তার সামনে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর, বিশেষ করে শিশুদের প্রায় ক্ষেত্রেই সম্মুখীন হওয়া চ্যালেঞ্জগুলোকে তুলে ধরেছিল। মি. হান্ট এখন তার আইনি দক্ষতাকে এসব কমিউনিটিতে পার্থক্য রচনা করার জন্য কাজে লাগানোর ব্যাপারে আশাবাদী।মি. হান্ট উইলসন এন্ড চ্যান LLP (Wilson & Chan LLP) এবং হ্যারিস বিচ PLLC (Harris Beach PLLC)-তে অ্যাসোসিয়েট হিসেবে এবং ফেডারেল ডিফেন্ডার্স অব নিউ ইয়র্ক (Federal Defenders of New York)-এর সাথে ইন্টার্ন হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি কোলবি কলেজ (Colby College) থেকে দর্শন ও মনস্তত্ত্ব বিষয়ে B.A. ডিগ্রি এবং ফোর্ডহ্যাম ইউনিভার্সিটি স্কুল অব ল (Fordham University School of Law) থেকে J.D. ডিগ্রি অর্জন করেছেন।

জেনা ফ্রেইজার এডি উইন্ডসর, মার্শা পি. জনসন ও সিলভিয়া রিভেরা LGBTQ ফেলো নির্বাচিত হয়েছেন। নিউ ইয়র্ক স্টেটের LGBTQ ফেলোশিপ (New York State LGBTQ Fellowship) অফিস অব দ্যা চিফ ডাইভার্সিটি অফিসার (Office of the Chief Diversity Officer)-এ চলমান প্রচেষ্টায় সহায়তা করার জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। LGBTQ ফেলো প্রতি দুই বছরে এমন একজন ব্যক্তিকে প্রদান করা হয় যিনি সামাজিক ন্যায়বিচারের প্রতি অঙ্গীকারবদ্ধতার প্রমাণ রেখেছেন, যার LGBTQ সমতা, নাগরিক অধিকার ও বৈচিত্র্য, সমতা ও অন্তর্ভুক্তি সংক্রান্ত বিষয়গুলো নিয়ে কাজ করার ট্র্যাক রেকর্ড রয়েছে, এবং পাবলিক সার্ভিসে ক্যারিয়ার গঠনের ব্যাপারে প্রবল আগ্রহ রয়েছে। এই ফেলোশিপ LGBTQ নেতাদের নামে নামকরণ করা হয়েছে যারা—তাদের সাহস, অবিচল মনোভাব ও অধ্যবসায়ের মধ্য দিয়ে—LGBTQ সংক্রান্ত বিষয়ে সচেতনতা বৃদ্ধি করেছেন এবং LGBTQ কমিউনিটিতে দীর্ঘস্থায়ী পার্থক্য তৈরি করেছেন: এডি উইন্ডসর সফলভাবে ফেডারেল বিবাহ প্রতিরক্ষা আইনকে চ্যালেঞ্জ করার ক্ষেত্রে তার সমর্থন ও যুগান্তকারী কাজের জন্য এবং মার্শা পি. জনসন ও সিলভিয়া রিভেরা নিউ ইয়র্কের ট্রান্সজেন্ডার কমিউনিটির পক্ষে সমর্থন এগিয়ে নেয়ার আন্দোলনের জন্য। এমএক্স. ফ্রেইজার একজন যোগী ও সোশ্যাল ওয়ার্কার যিনি আরোগ্য ও মুক্তিলাভের জায়গার সহ-অবস্থান তৈরির ব্যাপারে অত্যন্ত আগ্রহ পোষণ করেন। তিনি আই চ্যালেঞ্জ মাইসেলফ (I Challenge Myself) নামক একটি সংস্থায় অনুদান উত্তোলন ও ডিজিটাল কৌশল প্রণয়নে নেতৃত্ব দিয়ে সাহায্য করেছেন, যে সংস্থাটি NYC-এর পাবলিক স্কুলের শিক্ষার্থীদের সহিষ্ণুতা গড়ে তোলার জন্য সাইক্লিং এর সাথে পরিচিত করিয়ে দেয়ার মাধ্যমে মন, দেহ ও আত্মার সমৃদ্ধির জন্য কাজ করে থাকে, এবং ফিয়ারলেস ফ্লায়ার্স (Fearless Flyers) নামক একটি LGBTQ+ যুব সাইক্লিং ক্লাবে কোচ হিসেবে দায়িত্ব পালন করেছেন। এর আগে এমএক্স. ফ্রেইজার সাউথ ব্রঙ্কস ও হার্লেমে এলিমেন্টারি স্কুলগুলোতে যোগ ব্যায়াম শিখিয়েছেন এবং বর্ণবাদ-বিরোধী কাঠামোর ভিত্তিতে NYC ব্যাপী কিশোর-কিশোরীদের নিয়ে কমিউনিটি গ্রুপ সংগঠিত করতে সাহায্য করেছেন। এমএক্স. ফ্রেইজার হান্টার কলেজ (Hunter College)-এর সিলবারম্যান স্কুল অব সোশ্যাল ওয়ার্ক থেকে তার MSW ডিগ্রি অর্জন করেছেন এবং নর্থওয়েস্টার্ন ইউনিভার্সিটি (Northwestern University) থেকে সাংবাদিকতা বিষয়ে ব্যাচেলর অব সায়েন্স ডিগ্রি অর্জন করেছেন।

নিম্নলিখিত ব্যক্তিরা 2021-2023 প্রোগ্রামের জন্য **এম্পায়ার ফেলো** নির্বাচিত হয়েছেন। এম্পায়ার স্টেট ফেলোস প্রোগ্রাম একটি পূর্ণকালীন নেতৃত্ব সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি যা পরবর্তী প্রজন্মের মেধাবী পেশাজীবীদের নিউ ইয়র্ক স্টেটের নীতি নির্ধারক হিসেবে ক্যারিয়ার গঠনের জন্য প্রস্তুত করবে। নিউ ইয়র্ক স্টেট সরকারের কার্যকলাপের সঙ্গে সম্পৃক্ততা এম্পায়ার স্টেট ফেলোস প্রোগ্রামের কেন্দ্রীয় বিষয়। প্রত্যেক এম্পায়ার ফেলো একজন কমিশনার, ডেপুটি কমিশনার, অথবা অন্যান্য উচ্চ-পদস্থ নীতি নির্ধারকের সাথে সরাসরি কাজ করার জন্য নিযুক্ত হন। প্রত্যেক এম্পায়ার ফেলো একটি স্টেট অফিস বা সংস্থায় কর্মরত থাকেন, যেমন শিশু ও পরিবার বিষয়ক পরিষেবার দপ্তর (Office of Children and Family Services), ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State), শ্রম বিভাগ (Department of Labor), পরিবেশ সংরক্ষণ বিভাগ (Department of Environmental Conservation), অথবা গভর্নরের এক্সিকিউটিভ চেম্বার, ইত্যাদি। কাজের অ্যাসাইনমেন্টগুলো ফেলোদেরকে উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে সহযোগী হয়ে কাজ করার এবং নীতি নির্ধারণী প্রক্রিয়ায় অংশগ্রহণ করার অতুলনীয় অভিজ্ঞতা অর্জনের সুযোগ করে দেয়।

লিও ম্যাটিও ব্যাচিঙ্গার ।এম্পায়ার স্টেট ফেলো নির্বাচিত হয়েছেন। মি. ব্যাচিঙ্গার নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের অধীন জলবায়ু পরিবর্তন বিষয়ক অধিদপ্তরের প্রকল্পগুলোতে সহায়তা প্রদান করবেন।এম্পায়ার স্টেট ফেলোস প্রোগ্রামে যোগদানের আগে, মি. ব্যাচিঙ্গার আদিবাসীদের অধিকার, পরিবেশগত ন্যায়বিচার, ও ভূমি-ব্যবহার সংক্রান্ত একটি সংস্থার প্রতিষ্ঠাতা ও ডিরেক্টর অব পলিসি এন্ড লেজিসলেটিভ অ্যাফেয়ার্স হিসেবে দায়িত্ব পালন করেছেন। এই পদে থাকাকালীন সময়ে, তিনি আদিবাসী জাতিদের সাথে, NYS-এর ও জাতীয় সংরক্ষণ সংস্থাগুলো, স্থানীয় স্টেকহোল্ডারদের, ও NYS-এর মিউনিসিপ্যাল সরকারগুলোর সাথে সহযোগী হয়ে কাজ করেছেন। এছাড়াও তিনি স্থানীয় ও ফেডারেল পর্যায়ে কয়েকটি রাজনৈতিক ক্যাম্পেইনে কাজ করেছেন, যার মধ্যে পলিসি এন্ড কমিউনিকেশন্স ফেলো, ফিল্ড ডিরেক্টর ও ক্যাম্পেইন ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন অন্তর্ভুক্ত ছিল।সরকারি নীতিমালার প্রতি তার আগ্রহের চালিকাশক্তি হলো নিউ ইয়র্ক স্টেট ও এর বাইরের সব ব্যক্তিদের জন্য কাজ করবে এমন সমতাপূর্ণ, শক্তিশালী ও টেকসই জলবায়ু সমাধান উন্নতকরণের জরুরি প্রয়োজন। মি. ব্যাচিঙ্গার অস্ট্রিয়াতে সাংবাদিক হিসেবে তার কর্মজীবন শুরু করেন, এবং পরবর্তীতে তিনি ভিয়েনা ইনস্টিটিউট ফর দ্যা সোশিওলোজি অব ল এন্ড ক্রিমিনোলজি (Vienna Institute for the Sociology of Law and Criminology)-তে নীতিমালা বিশ্লেষক এবং অস্ট্রিয়ান ফেডারেল সরকারের লিয়াঁজো হিসেবে দায়িত্ব পালন করেছেন। মি. ব্যাচিঙ্গার ইউনিভার্সিটি অব ভিয়েনা (University of Vienna) (অস্ট্রিয়া) থেকে সমাজতত্ত্ব বিষয়ে BA ডিগ্রি এবং বিজ্ঞান, প্রযুক্তি ও সমাজ বিষয়ে MA ডিগ্রি অর্জন করেছেন এবং রেনসেলার পলিটেকনিক ইনস্টিটিউট (Rensselaer Polytechnic Institute) থেকে সায়েন্স এন্ড টেকনোলজি স্টাডিজ বিষয়ে PhD ডিগ্রি অর্জন করেছেন।তার গবেষণায় তিনি জলবায়ু পরিবর্তনে সমতার বিষয়টির উপর নজর দেন। তার গবেষণা নিবন্ধে তিনি একটি আন্তর্জাতিকভাবে-তুলনীয় দৃষ্টিকোণ থেকে নীতিমালা ও প্রচলনের ক্ষেত্রে জলবায়ুর সাথে মানিয়ে নেয়ার বিষয়টি নিয়ে অনুসন্ধান চালিয়েছেন।

নিকোল জিন ক্রিস্টিয়ান এম্পায়ার স্টেট ফেলো নির্বাচিত হয়েছেন। মিস. ক্রিস্টিয়ান নিউ ইয়র্কের ডিপার্টমেন্ট অব স্টেটের পরিকল্পনা, উন্নয়ন ও কমিউনিটি অবকাঠামো সংক্রান্ত অধিদপ্তরে প্রকল্পগুলোতে সহায়তা করবেন। মিস. ক্রিস্টিয়ান একজন প্রমাণিত অর্থনৈতিক উন্নয়ন পেশাজীবী যার এই অঞ্চলব্যাপী - বিশেষ করে লং আইল্যান্ডে, ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ প্রকল্পগুলো সামনের সারিতে থেকে সফলভাবে সম্পন্ন করার রেকর্ড রয়েছে। মিস. ক্রিস্টিয়ান NYC, ওয়াশিংটন DC ও লং আইল্যান্ডে কর্মরত থেকে টাউন, কাউন্টি ও ফেডারেল পর্যায়ে অর্থনৈতিক উন্নয়ন সংক্রান্ত নির্বাহী নেতৃত্বের পদসমূহে দায়িত্ব পালন করেছেন। তিনি অনুদান তহবিল, কর প্রণোদনা সংগ্রহ করা, এবং পরিকল্পনা প্রক্রিয়াজুড়ে কৌশলগত নির্দেশনা প্রদান করার মাধ্যমে ব্যবসা প্রতিষ্ঠান ও স্থানীয় সরকারগুলোকে অর্থনৈতিক উন্নয়নের উদ্যোগসমূহ সামাল দিতে সাহায্য করেছেন।তার রয়েছে সফলভাবে অনুদানের জন্য লেখালেখি করার ক্যারিয়ার যেখানে তিনি 20 মিলিয়ন ডলারের বেশি সরকারি বিনিয়োগ কাজে লাগাতে সাহায্য করেছেন এবং সেইসাথে হাজার হাজার স্থানীয় কর্মসংস্থানের সুযোগ তৈরি, লং আইল্যান্ড সাউন্ডের সুরক্ষা এবং তার লং আইল্যান্ড কমিউনিটিতে ডাউনটাউনগুলোকে রূপান্তর করতে সাহায্য করেছেন। তিনি 2001 সালে প্রেসিডেনশিয়াল ম্যানেজমেন্ট ফেলো (Presidential Management Fellow, PMF) এবং 1999 সালে ন্যাশনাল নেটওয়ার্ক অব এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট স্টাডিজ ফেলো (National Network for

Environmental Management Studies Fellow, NNEMS) নির্বাচিত হয়েছিলেন। মিস. ক্রিস্টিয়ান ম্যারিমাউন্ট বিশ্ববিদ্যালয় (Marymount University) থেকে BBA ডিগ্রি; জর্জ ম্যাসন বিশ্ববিদ্যালয় (George Mason University) থেকে অলাভজনক সংস্থান ব্যবস্থাপনা বিষয়ে গ্র্যাজুয়েট সনদসহ MPA ডিগ্রি অর্জন করেছেন এবং তিনি উইলমিংটন বিশ্ববিদ্যালয়ের (Wilmington University) একজন ডক্টরাল শিক্ষার্থী। তিনি 10 বছরেরও বেশি সময় ধরে লং আইল্যান্ড বিশ্ববিদ্যালয়ে (Long Island University) MPA ও MBA প্রোগ্রামে সহযোগী শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করছেন এবং তিনি একজন উৎসুক বলরুম ড্যান্সার।

শ্যানলেই কোরেলো এম্পায়ার স্টেট ফেলো নির্বাচিত হয়েছেন। মিস. কোরেলো নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব স্টেটে পুনঃপ্রবেশ কর্মসূচিতে সহায়তা প্রদান করবেন। মিস. কোরেলোর নিউ ইয়র্ক স্টেটের সাময়িক ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance), যুক্তরাষ্ট্রের আবাসন ও নগর উন্নয়ন বিভাগ (U.S. Department of Housing and Urban development), ইত্যাদির মতো সরকারি প্রতিষ্ঠানসমূহ এবং SUNY সিস্টেমের সাথে কাজ করার অভিজ্ঞতা রয়েছে। তিনি MWBE-এর একজন মূল্যায়নকারী হিসেবে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের স্বাস্থ্য বিষয়ক ফাউন্ডেশনগুলোর একজন নীতিমালা বিশ্লেষক হিসেবে স্বাস্থ্য সংক্রান্ত নীতিমালা, আদালত ব্যবস্থা, ও স্কুল ডিস্ট্রিক্টগুলোর সাথে সম্পর্কিত অনুদানের অর্থায়নে পরিচালিত প্রকল্প ও কর্মসূচিগুলোর সঙ্গে সম্পৃক্ত ছিলেন। তিনি শরণার্থী শিক্ষার্থীদের ও প্যারোলে থাকা ব্যক্তিদের আমেরিকান ইতিহাস সম্পর্কে শিক্ষাদান করার অভিজ্ঞতা নিয়ে সবচেয়ে বেশি গর্বিত এবং এটিই তাকে সবচেয়ে বেশি পরিবর্তন করেছে। এর ফলশ্রুতিতে তিনি কমিউনিটিতে পুনঃপ্রবেশের প্রক্রিয়াকে জোরদার করে এমন ফৌজদারি বিচার ব্যবস্থার পুনর্গঠন সংক্রান্ত নীতিমালা নিয়ে কাজ করার একটি ক্যারিয়ার বেছে নিয়েছেন। তার ইতিহাস সংক্রান্ত প্রশিক্ষণ ও পূর্ববর্তী কাজের অভিজ্ঞতা—যেক্ষেত্রে তিনি যাদের সেবা করতে ইচ্ছুক সেসব সবচেয়ে নিম্ন পর্যায়ের জনগোষ্ঠীর সঙ্গে কাজ করেছেন—এসব নীতিমালা সংক্রান্ত বিষয়ে তার একটি অনন্য দৃষ্টিভঙ্গী গড়ে তুলতে অবদান রেখেছে। মিস. কোরেলো 2020 সালে ইউনিভার্সিটি অ্যাট বাফেলো (University at Buffalo) থেকে ইতিহাস বিষয়ে PhD ডিগ্রি অর্জন করেন এবং তিনি ব্ল্যাক পাওয়ার (Black Power) ইতিহাস বিষয়ে একজন স্কলার। তার গবেষণা নিবন্ধে তিনি নিউ ইয়র্ক স্টেটের দুইটি উল্লেখযোগ্য ব্ল্যাক পাওয়ার সংগঠনের ইতিহাস নিয়ে অনুসন্ধান চালিয়েছেন। বাফেলোর বিল্ড ইউনিটি, ইন্ডিপেন্ডেন্স, লিডারশিপ এন্ড ডিগনিটি (Build Unity, Independence, Leadership and Dignity, BUILD)) এবং রচেস্টারের ফ্রিডম, ইন্টিগ্রিটি, গড, অনার, টুডে (Freedom, Integrity, God, Honor, Today, FIGHT)। এছাড়াও মিস. কোরেলো নায়াগ্রা বিশ্ববিদ্যালয় (Niagara University) থেকে ইতিহাস ও সমাজতত্ত্ব/অপরাধতত্ত্ব বিষয়ে MA ইন ইন্টারডিসিপ্লিনারি স্টাডিজ ডিগ্রি অর্জন করেছেন।

চেলসি ডি জিজাস ।**এম্পায়ার স্টেট ফেলো** নির্বাচিত হয়েছেন। মিস. ডি জিজাস এক্সিকিউটিভ চেম্বারের কনস্টিটিউয়েন্সি বিভাগের মহিলাদের বিষয়গুলোর উপর জোর দেয়া প্রকল্পগুলোতে সহায়তা করবেন। মিস. ডি জিজাসের কমিউনিটি-ভিত্তিক পরামর্শ প্রদান এবং সরকারি নীতিমালা বিষয়ে কাজ করার অভিজ্ঞতা রয়েছে, এবং তিনি ভেরা ইনস্টিটিউট অব জাস্টিস (Vera Institute of Justice) সহ লৈঙ্গিক সমতার দিকে নজর দেয়া বেশ কিছু সংস্থার সাথে কাজ করেছেন এবং NYC-এর মেয়রের কার্যালয়ে লৈঙ্গিক সমতা বিষয়ক কমিশনে ইন্টার্ন হিসেবে দায়িত্ব পালন করেছেন। সরকারি পদে মহিলাদের দায়িত্ব পালনের বিষয়ে মিস. ডি

জিজাসের প্রবল আগ্রহ তাকে উইমেন ইন নিউ ইয়র্ক স্টেট (Women in New York State) এর অধীনে প্রতিনিধি হিসেবে নর্থ ইস্টার্ন কনফারেন্স ফর পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন (North Eastern Conference for Public Administration)-এ একটি গবেষণা প্রস্তাব উপস্থাপনের দিকে নিয়ে গেছে এবং তিনি লং আইল্যান্ড বিশ্ববিদ্যালয়ের পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন সোসাইটির প্রেসিডেন্ট হিসেবে দুই মেয়াদে দায়িত্ব পালন করেছেন এবং 2020 সালে প্রেসিডেন্ট অব দ্যা ইয়ার পুরস্কার বিজয়ী হয়েছেন। প্রথম প্রজন্মের একজন ল্যাটিনা হিসেবে, তিনি সরকারি পদগুলোতে এবং রাজনৈতিক দপ্তরগুলোতে মহিলাদের, বিশেষ করে অশ্বেতাঙ্গ মহিলাদের, সংখ্যা বৃদ্ধির জন্য চালিকা শক্তি হিসেবে কাজ করে যেতে অঙ্গীকারাবদ্ধ। মিস. ডি জিজাস চাইল্ড ওয়েলফেয়ার কেস ম্যানেজার হিসেবে তার ক্যারিয়ার শুরু করেছিলেন এবং বিগ ব্রাদার্স বিগ সিস্টার্স (Big Brothers Big Sisters) কর্মসূচির মাধ্যমে বিগ সিস্টার হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডা (University of South Florida) থেকে ইন্টারডিসিপ্লিনারি সোশ্যাল সায়েন্স বিষয়ে ব্যাচেলর ডিগ্রি অর্জন করেছেন। তিনি ছবি আঁকা, লেখালেখি ও প্রকৃতির সান্নিধ্য উপভোগ করেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন